



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
প্রকিউরমেন্ট বিভাগ

ফোন : ০২২২৩৩৮৩৫৩৫
ই-মেইলঃ
dgmcsd@krishibank.org.bd,

প্রকা/প্রকিউর-১০(৫)/অংশ-০৬/২০২৩-২০২৪/৯৮৮

তারিখঃ ০৪-১২-২০২৩ খ্রি.

মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়/স্টাফ কলেজ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপমহাব্যবস্থাপক, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়/কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ বেসরকারি নিরাপত্তা প্রহরী নিয়োগে প্রতারক চক্র থেকে সাবধানতা অবলম্বন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,


শিরোনামে বর্ণিত বিষয়ে সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বাংলাদেশ কৃষি ব্যাংক এর সকল শাখা/কার্যালয়/এটিএম বুথের সার্বক্ষণিক নিরাপত্তার জন্য বেসরকারি নিরাপত্তা প্রহরী নিয়োগের বিষয়টি একটি চলমান প্রক্রিয়া। নিয়োগ বিধি অনুযায়ী বিভিন্ন শাখা/কার্যালয়ের চাহিদার প্রেক্ষিতে বেসরকারি নিরাপত্তা প্রহরী নিয়োগ দেয়া হয়ে থাকে। নিয়োগ কার্যক্রমের বিভিন্ন ধাপে ইদানিং লক্ষ্য করা যাচ্ছে কতিপয় কুচক্রী মহল/দালাল ও প্রতারকচক্র বেসরকারি নিরাপত্তা প্রহরী নিয়োগে টেলিফোন/মোবাইল ফোনে ভুয়া প্রতিশ্রুতি দিয়ে (যেমন বেতন বৃদ্ধি, ব্যাংকের স্থায়ী প্রহরী/পিয়ন হিসেবে নিয়োগদান, পুলিশ ভেরিফিকেশনসহ বিভিন্ন অজুহাত) বর্তমানে নিয়োজিত নিরাপত্তা প্রহরীদের নিকট হতে এবং ভুয়া নিয়োগপত্র প্রদানপূর্বক দেশের বেকার যুবকদের কে প্রলোভন দেখিয়ে মোটা অংকের টাকা হাতিয়ে নিচ্ছে। উল্লেখ্য, ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সুস্পষ্ট ঘোষণা ও নির্দেশনা মোতাবেক বাংলাদেশ কৃষি ব্যাংক এর সকল শাখা/কার্যালয়/এটিএম বুথের সার্বক্ষণিক নিরাপত্তার জন্য বেসরকারি নিরাপত্তা প্রহরী নিয়োগ প্রক্রিয়া শতভাগ স্বচ্ছতা ও দুর্নীতিমুক্ত পরিবেশ নিশ্চিতপূর্বক চলমান আছে।

০৩। অতএব, বাংলাদেশ কৃষি ব্যাংক এর সকল শাখা/কার্যালয়/এটিএম বুথের সার্বক্ষণিক নিরাপত্তার জন্য বেসরকারি নিরাপত্তা প্রহরী নিয়োগের বিষয়ে যেকোন কুচক্রী মহল/দালাল ও প্রতারক চক্রের খপ্পরে পড়ে আর্থিক লেনদেন না করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। অত্র বিজ্ঞপ্তির ব্যত্যয় করে কোন কুচক্রী মহল/দালাল ও প্রতারক চক্রের সাথে নিয়োগ সংক্রান্ত কাজে আর্থিক লেনদেন কিংবা প্রতারণা করলে উপযুক্ত প্রমাণ সাপেক্ষে তাদের ধরিয়ে সংশ্লিষ্ট থানায় সোপাদ করার জন্যও অনুরোধ করা হলো। এছাড়া বাংলাদেশ কৃষি ব্যাংক এর কোন কর্মকর্তা/কর্মচারী বেসরকারি নিরাপত্তা প্রহরী নিয়োগ সংক্রান্ত কাজে অনৈতিক/আর্থিক অনিয়মে জড়িত হওয়ার প্রমাণ পাওয়া গেলে তার বিরুদ্ধে কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৪। বিষয়টি অতীব জরুরী এবং গুরুত্বপূর্ণ।

অনুমোদনক্রমে-


আপনার বিশ্বস্ত

(মোঃ জয়নাল আরা) ০৪/১২/২৩
মহাব্যবস্থাপক (প্রশাসন)

প্রকা/প্রকিউর-১০(৫)/অংশ-০৬/২০২৩-২০২৪/৯৮৮(১২৫০)

তারিখঃ ০৪-১২-২০২৩ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। স্টাফ অফিসার, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়গণের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
- ০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
- ০৫। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্ বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার ব্যবস্থা গ্রহণের জন্য জন্য অনুরোধ করা হলো।
- ০৬। ব্যবস্থাপনা পরিচালক/সিইও, বেস্ট সিকিউরিটি/পিমা/জেএসএস সার্ভিসেস লি., বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৭। অফিস কপি।


(মোঃ আব্দুস সামাদ)
উপমহাব্যবস্থাপক